বাউবির দীক্ষা: সবার জন্য উন্মুক্ত
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা

# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

## সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল

গাজীপুর-১৭০৫।

"শিক্ষা নিয়ে গড়ব দেশ, শেখ হাসিনার বাংলাদেশ"

# ৪ বছর মেয়াদি বিএ (অনার্স) এবং বিএসএস (অনার্স) প্রোগ্রাম
# ভর্তি বিজ্ঞপ্তি
# শিক্ষাবর্ষ: ২০২৩-২০২৪

## ভর্তির প্রয়োজনীয় তথ্যাবলি

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল-এর অধীন ৪ বছর মেয়াদি বিএ (অনার্স): **বাংলা ভাষা ও সাহিত্য, ইতিহাস, দর্শন, ইসলামিক স্টাডিজ** এবং বিএসএস (অনার্স): **রাষ্ট্রবিজ্ঞান ও সমাজতত্ত্ব** বিষয়সমূহে ভর্তি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। বিশ্ববিদ্যালয়ের ঢাকা আঞ্চলিক কেন্দ্রে প্রতিটি কোর্সের জন্য ১২টি টিউটোরিয়াল ক্লাস শুক্রবার সরাসরি অনুষ্ঠিত হবে এবং ১২টি টিউটোরিয়াল ক্লাস শনিবার অনলাইনে অনুষ্ঠিত হবে। প্রাকৃতিক দুর্যোগ ও মহামারির সময় সকল টিউটোরিয়াল ক্লাস অনলাইনে গ্রহণ করা হবে। আসনের ৫% কোটা মুক্তিযোদ্ধাদের সন্তান, পোষ্য এবং নৃগোষ্ঠীর জন্য সংরক্ষিত থাকবে। উল্লেখযোগ্য, শিক্ষাগত যোগ্যতার শর্ত পূরণকারী যে কোনো শিক্ষার্থী আবেদন করতে পারবে।

- ◆ চার বছরে মোট ৪০টি কোর্স বা ১২০ ক্রেডিট সম্পন্ন করতে হবে (প্রতি কোর্স= ৩ ক্রেডিট), রেজিস্ট্রেশনের মেয়াদ ৮ (আট) বছর পর্যন্ত বহাল থাকবে।
- ◆ প্রতি শিক্ষাবর্ষ ছয় মাস মেয়াদি ২টি সেমিস্টারে বিভক্ত। প্রতি সেমিস্টারে সাধারণত ৫টি কোর্সে রেজিস্ট্রেশন হয়। শিক্ষার্থী প্রয়োজনে প্রতি সেমিস্টারে ন্যূনতম ২টি কোর্সে রেজিস্ট্রেশন করতে পারবে। প্রতি সেমিস্টার শেষে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

## ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের ন্যূনতম যোগ্যতা

ক) মানবিক শাখা : বাংলা ভাষা ও সাহিত্য, ইতিহাস, দর্শন ও ইসলামিক স্টাডিজ বিষয়ে ভর্তির জন্য এসএসসি ও এইচএসসি বা সমমানের উভয় পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ বা জিপিএ ২.৫০ (৫ এর মানে)/জিপিএ ২.০০ (৪ এর মানে) থাকতে হবে। সকল শাখার শিক্ষার্থী আবেদন করতে পারবে।

খ) সামাজিক বিজ্ঞান শাখা : রাষ্ট্রবিজ্ঞান ও সমাজতত্ত্ব বিষয়ে ভর্তির জন্য এসএসসি ও এইচএসসি বা সমমানের উভয় পরীক্ষায় ন্যূনতম ৫০% নম্বরসহ দ্বিতীয় বিভাগ বা জিপিএ ২.৭৫ (৫.০০ এর মানে)/জিপিএ ২.২ (৪ এর মানে) থাকতে হবে। সকল শাখার শিক্ষার্থী আবেদন করতে পারবে।

**স্টাডি সেন্টার: ঢাকা আঞ্চলিক কেন্দ্র, বাউবি।**

## প্রয়োজনীয় কাগজপত্র

- ২ কপি ছবি।
- এসএসসি/এইচএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সনদপত্র ও মার্কশীটের সত্যায়িত কপি।
- জাতীয় পরিচয়পত্র/ অনলাইন জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি।

## ভর্তি সংক্রান্ত তথ্য

শুধুমাত্র Online- এ আবেদন করা যাবে।

| | | |
|---|---|---|
| আবেদনের সময় | : | ০৭ ফেব্রুয়ারি, ২০২৪ থেকে ১৫ মার্চ, ২০২৪ পর্যন্ত। |
| আবেদন ফি | : | ৫০০/- (পাঁচশত) টাকা। |
| লিখিত পরীক্ষার জন্য মনোনীতদের তালিকা প্রকাশ | : | ০২ এপ্রিল, ২০২৪। |
| লিখিত পরীক্ষার আসন বিন্যাস | : | ৩০ এপ্রিল, ২০২৪ এর পর বাউবি'র ওয়েবসাইট ও ঢাকা আঞ্চলিক কেন্দ্র থেকে জানা যাবে। |
| লিখিত পরীক্ষার তারিখ, সময় ও স্থান | : | ১০ মে, ২০২৪ (শুক্রবার); বেলা ৩:০০ টা থেকে ৪:০০ টা পর্যন্ত। বাউবি'র মূল ক্যাম্পাস, বোর্ড বাজার, গাজীপুর। |
| লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ | : | ১৪ মে, ২০২৪। |
| সাক্ষাৎকারের তারিখ, সময় ও স্থান | : | ১৯-২১ মে, ২০২৪; সকাল ৯.০০ টা থেকে ৩.০০ টা পর্যন্ত; ডিনের কার্যালয়, এসএসএইচএল, বাউবি'র মূল ক্যাম্পাস, বোর্ড বাজার, গাজীপুর-১৭০৫। |
| বিষয় ভিত্তিক মেধা তালিকা প্রকাশ | : | ২৮ মে, ২০২৪। |
| ভর্তি | : | ০৩ জুন, ২০২৪ থেকে ২২ জুন, ২০২৪ পর্যন্ত। |
| সর্বমোট ভর্তি ফি | : | ৭৩১০/- (সাত হাজার তিনশত দশ) টাকা। অনলাইন চার্জ আবেদনকারী বহন করবেন। |
| ওরিয়েন্টেশন ও স্থান | : | ২৮ জুন, ২০২৪, বাউবি'র মূল ক্যাম্পাস, বোর্ড বাজার, গাজীপুর। |
| ক্লাস শুরু | : | ২৯ জুন, ২০২৪। |

## ভর্তি পরীক্ষা পদ্ধতি

- ❖ বহুনির্বাচনী (MCQ) প্রশ্নের ভিত্তিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার প্রশ্নের মান বন্টন : বাংলা- ২৫, ইংরেজি-২৫, সাধারণ জ্ঞান: বাংলাদেশ বিষয়াবলি-২৫ ও সাধারণ জ্ঞান: আন্তর্জাতিক বিষয়াবলি-২৫।
- ❖ পাস নম্বর : ৪০। প্রতি অংশে ৪০% নম্বর পেতে হবে।
- ❖ **প্রতি বিষয়ের আসন সংখ্যা ৬০ (ষাট)।**

## ফি বিভাজন ও প্রাসঙ্গিক তথ্যসমূহ

| ফি'র খাত | কোর্স সংখ্যা | ফি'র হার | প্রদেয় টাকার পরিমাণ |
|---|---|---|---|
| রেজিস্ট্রেশন ফি | ------ | ২০০/- | ২০০/- |
| কোর্স ফি (প্রতি কোর্স) | ৫টি | ১০৫০/- | ৫২৫০/- |
| পরীক্ষার ফি (প্রতি কোর্স) | ৫টি | ৩০০/- | ১৫০০/- |
| সেমিস্টার নম্বরপত্র ফি | ----- | ১০০/- | ১০০/- |
| ডিজিটাল/প্লাস্টিক আইডি কার্ড ফি | ----- | ২০০/- | ২০০/- |
| একাডেমিক ক্যালেন্ডার ফি | ------ | ৫০/- | ৫০/- |
| রোভার স্কাউট ফি | | ১০/- | ১০/- |
| | | মোট টাকা= | ৭৩১০/- |

## আবেদন প্রক্রিয়া

- যে কোন ব্রাউজারের Address bar-এ https://osapsnew.bou.ac.bd টাইপ করে ব্রাউজ করুন। Offered Programs সেকশন এর অধীনে School of Social Sciences, Humanities & Language (SSHL) -এ ক্লিক করে Bachelor of Arts (Honours) and Bachelor of Social Science (Honours) প্রোগ্রামের পাশে প্রদর্শিত Apply Now বাটনে ক্লিক করুন।
- BA (Honours and BSS (Honours) প্রোগ্রামে ভর্তি নির্দেশনাবলী গুরুত্ব সহকারে পড়ে পুনরায় Apply Now বাটনে ক্লিক করুন।
- অনলাইন-এ আবেদন ফরমটি General Information ধাপ যথাযথভাবে পূরণ করে Next বাটনে ক্লিক করুন। Personal Information ধাপ যথাযথভাবে পূরণ করে সদ্য তোলা ফটো (৩০০×৩০০ JPG Format) এবং আপনার স্ক্যান করা স্বাক্ষর (৩০০×১০০ JPG Format) আপলোড করে Next বাটনে ক্লিক করুন।
- Academic Information ধাপে আপনার শিক্ষাগত যোগ্যতার তথ্য সঠিকভাবে পূরণ করুন এবং অভিজ্ঞতার তথ্য (যদি থাকে) Professional Information ধাপে সঠিকভাবে পূরণ করে Finish বাটনে ক্লিক করুন। সঠিকভাবে ফরম পূরণ শেষে আপনার মোবাইলে SMS এবং ইমেইলে Temporary User ID ও Password প্রেরণ করা হবে।
- Proceed to Payment বাটনে ক্লিক করার পর প্রদর্শিত Online Payment Gateway সমূহ থেকে যেকোনোটির মাধ্যমে ফি জমা দেয়া যাবে। সফলভাবে ফি জমাদান শেষে "Payment has been completed successfully!" মেসেজ প্রদর্শিত হবে এবং SMS ও ইমেইলের মাধ্যমে অবহিত করা হবে।
- BA (Honours and BSS (Honours) প্রোগ্রামে ভর্তির আবেদন ফি ৫০০/- (পাঁচশত) টাকা। তবে এক্ষেত্রে প্রযোজ্য অনলাইন চার্জ আবেদনকারী বহন করবেন।
- প্রয়োজনে কোনো সমস্যা হলে ০৩(তিন) কার্য দিবসের মধ্যে আইসিটি হেড, আইসিটি এন্ড ই-লার্নিং সেন্টার, বাউবিতে যোগাযোগ করতে হবে। Temporary User ID ও Password ব্যবহার করে প্রদর্শিত আবেদন পত্রটি প্রিন্ট করে শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র ও নম্বরপত্রসমূহ ০৭ ফেব্রুয়ারি, ২০২৪ থেকে ১৫ মার্চ, ২০২৪ তারিখের মধ্যে ঢাকা আঞ্চলিক কেন্দ্রে (৪/ক, গভঃ ল্যাবরেটরি রোড, ধানমন্ডি ঢাকা-১২০৫) ১০৩ নম্বর কক্ষ/তথ্য কেন্দ্রে জমা দিতে হবে। আবেদনপত্র যাচাই-বাছাইয়ের পর কেবলমাত্র নির্বাচিতরাই লিখিত পরীক্ষার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন এবং তাদের তালিকা বাউবি'র ওয়েব সাইটে দেয়া হবে। এছাড়া তাদেরকে মোবাইলে SMS এর মাধ্যমে নিশ্চিত করা হবে।

♦ **ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লিখিত যে কোনো তথ্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংশোধন, সংযোজন, পরিমার্জন এবং পরিবর্তন করতে পারবেন। বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত এবং সংশ্লিষ্ট বিধি-বিধান সকল আবেদনকারী এবং শিক্ষার্থীর জন্য প্রযোজ্য হবে।**

**Helpline: Available Time: 8:30 am to 3:30 pm;**
**01618977237, 01907451612 (Sunday to Thursday)**

কিউআর কোড স্ক্যান করে সকল তথ্য জানা যাবে

ডিন
সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫।

বাউবির দীক্ষা: সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা

# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

## সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল

# ভর্তি বিজ্ঞপ্তি

## ৪ বছর মেয়াদি বিএ (অনার্স) এবং বিএসএস (অনার্স) প্রোগ্রাম
## শিক্ষাবর্ষ: ২০২৩-২০২৪

কিউআর কোডটি স্ক্যান করে
সকল তথ্য জানা যাবে।

**উন্মুক্ত ও দূরশিক্ষণ**

আবেদনের তারিখ : ০৭ ফেব্রুয়ারি থেকে ১৫ মার্চ, ২০২৪

https://www.facebook.com/Bdopenuniversity/

বিস্তারিত জানতে

**www.bou.ac.bd**